শেখ হাসিনার উদ্যোগ
ঘরে ঘরে বিদ্যুৎ

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২
ISO 9001:2015 Certified

মুজিব শতবর্ষ MUJIB 100

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২
Comilla Palli Bidyut Samity-2
সদর দপ্তর, উত্তর রামপুর (বিশ্বরোড), পোঃ আহম্মদনগর, কুমিল্লা।

টেলিফোন ঃ অফিস ঃ০৮১-৬৮৮০৭, অভিযোগ কেন্দ্র ঃ০৮১-৬৮১৬৫, ই-মেইলঃ ঃ comillapbs2@gmail.com ওয়েবসাইটঃ www.pbs2.comilla.gov.bd

স্মারক নং-২৭.১২.১৯৩৩.৫৪২.০২.০০৮.২১.১০৪৮ তারিখঃ ০২ সেপ্টেম্বর ২০২১ খ্রিস্টাব্দ
১৮ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ

বিষয় ঃ " আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি "

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২-এ নিম্নবর্ণিত পদসমূহে পদোন্নতির মাধ্যমে নিয়োগের নিমিত্ত পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ এবং পবিস কর্মচারী চাকুরী বিধি ১৯৯২ (সংশোধিত ২০১২) মোতাবেক বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে পদোন্নতির যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন বিলিং সহকারী এবং ওয়্যারিং পরিদর্শক পদে কর্মরতগণের নিকট হইতে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত আহ্বান করা হইতেছে।

| ক্রঃ নং | পদের নাম | বেতন ও অন্যান্য ভাতা | প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ০১ | বিলিং সুপারভাইজার | পবিস নির্দেশিকা ৩০০-১৩,৩০০-১৭ অনুযায়ী বেতন ও অন্যান্য সুবিধা প্রদান করা হবে। | ১। পবিসে বিলিং সহকারী নিয়মিত পদে কমপক্ষে ০৭ (সাত) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>২। বিলিং কম্পিউটার, সার্ভার এবং অফিসের অন্যান্য যন্ত্রপাতি পরিচালন ও রক্ষণাবেক্ষণে সক্ষম হইতে হইবে।<br>৩। প্রতি মিনিটে বাংলায় ন্যূনতম ১০ এবং ইংরেজীতে ন্যূনতম ৩০ শব্দ টাইপ করতে সক্ষম হইতে হইবে।<br>৪। পবিস নির্দেশিকা ৩০০-১৪,৩০০-২৪ ও ৩০০-৫১ অনুযায়ী সকল শর্তসমূহ পূরণ হইতে হইবে।<br>৫। সর্বশেষ ০৩(তিন) বছরের কর্মমূল্যায়ন রেটিং ৩.৫০ থাকিতে হইবে।<br>৬। দাপ্তরিক দায়িত্ব পালনে কর্মদক্ষতা ও উন্নত কৌশল অর্জনে আগ্রহী হইতে হইবে। |
| ০২ | পাওয়ার ইউজ কো-অর্ডিনেটর/ মেম্বার সার্ভিস কো-অর্ডিনেটর | | ১। ওয়্যারিং পরিদর্শক পদে ন্যূনতম ১০ (দশ) বছরের অভিজ্ঞতা অথবা ইলেকট্রিক্যাল/ পাওয়ার ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমা ডিগ্রীসহ ওয়্যারিং পরিদর্শক হিসেবে যে কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের কাজের অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>২। পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রয়োজনীয় প্রশিক্ষণে এবং বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।<br>৩। ওয়্যারিং করার মালামাল এবং প্রয়োজনীয় যন্ত্রাংশ সম্পর্কে জ্ঞান ও দক্ষতা থাকিতে হইবে।<br>৪। জনগণের সাথে কাজ করার মানসিকতা থাকিতে হইবে।<br>৫। কম্পিউটার পরিচালনায় অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৬। ওয়্যারিং পরিদর্শক পদে সর্বশেষ ০৩ বছরের কর্মমূল্যায়ন রেটিং ৩.৫০ থাকিতে হইবে।<br>৭। দাপ্তরিক দায়িত্ব পালনে কর্মদক্ষতা ও উন্নত কৌশল অর্জনে আগ্রহী হইতে হইবে। |

**শর্তাবলীঃ**

০১। আবেদনকারীকে পদের নাম উল্লেখ করিয়া সাদা কাগজে লিখিত আবেদন পত্রে (ক) নিজের নাম, (খ) পিতার নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) বয়স, (জ) জাতীয়তা, (ঝ) ধর্ম, (ঞ) শিক্ষাগত যোগ্যতা, (ট) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ, (ঠ) চাকুরীতে নিয়মিতকরণের তারিখ উল্লেখপূর্বক স্বহস্তে লিখিত আবেদনপত্র সহ আগামী ১৮/০৯/২০২১খ্রিঃ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর, উত্তর রামপুর (বিশ্বরোড), কুমিল্লায় উপস্থিত হইয়া নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করিতে হইবে।

**০২। আবেদন পত্রের সহিত নিম্নেবর্ণিত কাগজ পত্র সংযুক্ত করিতে হইবেঃ**

(ক) বর্তমান পদে যোগদান ও নিয়মিতকরণ পত্রের অনুলিপি।

(খ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রশিক্ষণে কৃতকার্য হওয়ার প্রমাণ পত্রের অনুলিপি।

(গ) বিগত ০৩ (তিন ) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের অনুলিপি।

(ঘ) হালনাগাদ ড্রাইভিং লাইসেন্স এর অনুলিপি (প্রযোজ্য ক্ষেত্রে)।

(ঙ) সম্প্রতি তোলা ২ (দুই) কপি রঙ্গিন পাসপোর্ট সাইজের ছবি।

(চ) জাতীয় পরিচয় পত্র/ইউনিয়ন পরিষদ/পৌরসভা চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত ফটোকপি।

(ছ) আবেদনকারীকে পদোন্নতি প্রদানের জন্য কর্মরত পবিসের সিনিয়র জেনারেল ম্যানেজার /জেনারেল ম্যানেজার এর সুস্পষ্ট সুপারিশ, অনাপত্তি সনদ ও বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থা (যদি থাকে/না থাকে) এর প্রত্যয়ন পত্র।

(জ) চাকুরীজীবনে দন্ডপ্রাপ্ত হয়ে থাকলে শাস্তির কপি সংযুক্ত করিতে হইবে।

(ঝ) বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান নাই অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নাই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করিতে হইবে।

(ঞ) সকল কাগজপত্র বর্তমানে কর্মরত পবিসের এজিএম (এইচআর/প্রশাসন) কর্তৃক সত্যায়িত হইতে হইবে।

**০৩। পদোন্নতির জন্য সাক্ষাৎকার গ্রহনের ক্ষেত্রে নিম্নবর্নিত প্রার্থীকে বিবেচনা করা হইবে নাঃ**

(ক) সর্বশেষ ০৩ (তিন) বছর কোনরূপ গুরুদন্ড প্রাপ্ত হইয়াছেন ;

(খ) সর্বশেষ ০১ (এক) বছর কোরূপ লঘুদন্ড প্রাপ্ত হইয়াছেন ;

(গ) বিগত ০৫ (পাঁচ) বছরের ভিতর একের অধিক বার গুরুদন্ড প্রাপ্ত হইয়াছেন ;

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২
**Comilla Palli Bidyut Samity-2**
সদর দপ্তর, উত্তর রামপুর (বিশ্বরোড), পোঃ আহম্মদনগর, কুমিল্লা।

টেলিফোন ঃ অফিস ঃ০৮১-৬৮৮০৭, অভিযোগ কেন্দ্র ঃ০৮১-৬৮১৬৫, ই-মেইলঃ ঃ comillapbs2@gmail.com ওয়েবসাইটঃ www.pbs2.comilla.gov.bd


(ঘ) বিগত ০৪ (চার ) বছরের ভিতর একবার গুরুদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত হইয়াছেন ;

(ঙ) বিগত ০৩ (তিন) বছরের ভিতর একের অধিক বার লঘুদন্ড প্রাপ্ত হইয়াছেন ;

(চ) পদোন্নতির জন্য ০৩ (তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহন করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত / ঘোষিত হইয়াছেন ;

(ছ) বর্তমানে বিভাগীয় তদন্ত অর্থাৎ চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন সময়কালে কোন কর্মচারী পদোন্নতির জন্য বিবেচিত হইবেন না :

(জ) কোন কর্মচারীর বিরুদ্ধে ফৌজদারী মামলা চলমান থাকিলে তিনি তৎসময়কালে পদোন্নতির জন্য বিবেচিত হইবেন না;

(ঝ) ইতিপূর্বে কোন পবিসের চাকুরী হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদ ত্যাগকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই;

**০৪। পদোন্নতির ক্ষেত্রে নিম্নোক্ত নীতিমালার সকল শর্তাদি প্রযোজ্য হইবেঃ**

(ক) নির্দেশিকা ৩০০-১৪ এর সংশ্লিষ্ট পদের ''পদ বিবরণী" তে উল্লেখিত সকল শর্তাদি পূরণ করিতে হইবে।

(খ) পদোন্নতির বিষয়ে নির্দেশিকা ৩০০-২৪ অনুচ্ছেদ -এ উল্লেখিত বিধান / শর্তাদি পুরণ করিতে হইবে।

(গ) পবিস কর্মচারী চাকুরী বিধি-১৯৯২ (সংশোধিত-২০১২) এর ধারা ৭, ১৪ এবং ১৬ প্রতিপালন করা হইবে।

০৫। সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ অনুযায়ী বেতন-ভাতাদি সংরক্ষণ করা হইবে।

০৬। পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য নয়। তবে অত্র সমিতির ভৌগোলিক এলাকায় স্থায়ীভাবে বসবাসরত প্রার্থীগণ আবেদন করিতে পারিবেন না।

০৭। পদোন্নতি প্রদানের ক্ষেত্রে পবিস চাকুরী বিধি ১৯৯২ (সংশোধিত ২০১২) এর ০৭ ধারা যথাযথ ভাবে অনুসরণ করা হইবে। উক্ত ধারা মোতাবেক কেহ যোগ্যতা সম্পন্ন না হইলে আবেদন করার প্রয়োজন নাই।

০৮। ইতিপূর্বে অন্য কোন পবিসের চাকুরী হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

০৯। পদোন্নতি প্রদানের ক্ষেত্রে ''পবিস চাকুরী বিধি (সংশোধিত-২০১২)" এবং পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ যথাযথভাবে প্রতিপালন করা হইবে।

১০। অত্র সমিতির এলাকা পরিচালক/পরিচালক/মহিলা পরিচালক ও সমিতির কর্মকর্তা/কর্মচারীর স্বামী/স্ত্রী বা তাদের রক্ত সম্পর্কীয় কাহারো আবেদন করার প্রয়োজন নাই। তথ্য গোপন করিয়া কোন প্রার্থী আবেদন করিলে/ নিয়োগ প্রাপ্ত হইলে প্রমাণ সাপেক্ষে চাকুরী হতে অপসারিত/বরখাস্ত করাসহ যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে।

১০। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য চলতি দায়িত্ব পদে নিয়োগ প্রদান করা হইবে। চলতি দায়িত্ব পালনকালীন সময়ের কর্মসম্পাদন মান সন্তোষজন হওয়া সাপেক্ষে চাকুরীতে নিয়মিত করা হইবে।

১১। অতীত কর্মসম্পাদনের মান সন্তোষজনক হওয়া সাপেক্ষে যোগ্যতা সম্পন্ন প্রার্থীগণের মধ্য হইতে জ্যেষ্ঠতার ভিত্তিতে নিয়োগের জন্য বিবেচনা করা যাইতে পারে।

১২। নির্বাচনী সাক্ষাতকারে উপস্থিত হওয়ার জন্য প্রার্থীকে কোন প্রকার টি এ/ ডি এ প্রদান করা হইবে না।

১৩। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১৪। তথ্য গোপন করে কোন প্রার্থী নিয়োগ প্রাপ্ত হইলে প্রমান সাপেক্ষে চাকুরীচ্যুত করা সহ যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে।

২/৯/২১

(প্রকৌঃ মোঃ মোস্তাফিজুর রহমান)
সিনিয়র জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে/সদয় অবগতির জন্য)**

০১॥ নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২॥ জেলা প্রশাসক/পুলিশ সুপার, কুমিল্লা।
০৩॥ পরিচালক, পবিস মানব সম্পদ/ পবিস মনিটরিং ও ব্যঃপঃ (পূর্বাঞ্চল)/আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৪॥ সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার----------------পবিস-১/২/৩/৪ ⟹
০৫॥ একান্ত সচিব, চেয়ারম্যান মহোদয়, বাপবিবো, ঢাকা।
০৬॥ উপজেলা, নির্বাহী কর্মকর্তা--------------------------------------কুমিল্লা।

সদয় অবগতি ও বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের উদ্দেশ্যে আপনার দপ্তরে নোটিশ বোর্ডে টানানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

**বিতরণ ঃ**

০১। ডিজিএম (কারিগরী)- সদর দপ্তর/চৌদ্দগ্রাম/বি-পাড়া/বাগমারা/বুড়িচং/গুণবতী/ময়নামতি জোনাল অফিস, কুমিল্লা পবিস-২।
০২। এজিএম (ওএন্ডএম), মিয়াবাজার সাব-জোনাল অফিস, কুমিল্লা পবিস-২।
০৩। এজিএম (অর্থ-হিসাব/রাজস্ব/সদস্যসেবা/প্রশাসন/ওএন্ডএম/পিএন্ডএম/ইএন্ডসি), কুমিল্লা পবিস-২।
০৪। নোটিশ বোর্ড, কুমিল্লা পবিস-২।
০৫। অফিস/ মাস্টার কপি।

(প্রকৌঃ মোঃ মোস্তাফিজুর রহমান)
সিনিয়র জেনারেল ম্যানেজার